দৈনিক বাংলা

তারিখ ১৩।৩।৮১



### মানবিক মূল্যবোধের অবক্ষয়রোধে এগিয়ে আসুন ঃ জিয়া

# যুগোপযোগী মাদ্রাসা শিক্ষা প্রয়োজন

(স্টাফ রিপোর্টার)

আলেম সমাজকে বর্তমানের জ্ঞান ও বিজ্ঞানের অগ্রগতি সম্পর্কে বিশেষভাবে অবহিত থাকার ওপর গুরুত্ব আরোপ করে প্রেসিডেন্ট জিয়াউর রহমান বলেছেন, দেশের মাদ্রাসা-শিক্ষাকে জাতির কল্যাণে যুগোপযোগী করে তুলতে হবে।

প্রেসিডেন্ট আরো বলেছেন, আমাদের মূল্যবান ঐতিহ্য অক্ষুণ্ণ রেখে ধর্ম ও নৈতিকতার আলোকে বিজ্ঞান ও প্রযুক্তি বিদ্যার অগ্রগতিকে কাজে লাগিয়ে দেশকে উন্নতি ও সমৃদ্ধির পথে এগিয়ে নিয়ে যেতে হবে। এ প্রসঙ্গে তিনি স্মরণ করিয়ে দেন যে ইসলাম শান্তি ও প্রগতির ধর্ম।

গতকাল সকালে মাদ্রাসা-ই-আলিয়ার দুই শততম প্রতিষ্ঠা বার্ষিকী উপলক্ষে আয়োজিত আন্তর্জাতিক সেমিনার ও মহাসম্মেলনের উদ্বোধন কালে প্রেসিডেন্ট জিয়া মন্তব্য করেন যে মুসলিম বিশ্বের ভ্রাতৃপ্রতিম দেশসমূহের সঙ্গে আমাদের যে নিবিড় ধর্মীয় ও সাংস্কৃতিক সম্পর্ক রয়েছে, চিন্তা ও ভাবনার সহজ আদান-প্রদানের মধ্য দিয়ে তাকে আরো সুনিবিড় করে তোলার কাজে দেশের মাদ্রাসাসমূহ অত্যন্ত গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করতে পারে।

অনুষ্ঠানে প্রতিষ্ঠা বার্ষিকী উদযাপন কমিটির চেয়ারম্যান ও প্রধানমন্ত্রী শাহ আজিজুর রহমান, রাবেতাত-ই-আলম আল ইসলামের মহাসচিব ডঃ আলী আল হারকান, ইমাম মুহম্মদ বিন সউদ ইসলামী বিশ্ববিদ্যালয়ের ভাইস চ্যান্সেলর ডঃ আবদুল্লাহ আবদুল মোহসীন আত-তুর্কী, অভ্যর্থনা কমিটির আহ্বায়ক ডঃ মোহাম্মদ সেলিম ও মাদ্রাসা-ই-আলিয়ার অধ্যক্ষ মওলানা মুহম্মদ ইয়াকুব শরীফও ভাষণ দেন।

অনুষ্ঠানে মন্ত্রিপরিষদের সদস্য, জাতীয় সংসদের সদস্য, বিদেশী কূটনীতিক এবং বিশিষ্ট আলেমগণ উপস্থিত ছিলেন। সম্মেলনে সৌদী আরব, জর্দান, ভারত, পাকিস্তান, তুরস্কসহ বিভিন্ন দেশের বিশিষ্ট উলেমা ও শিক্ষাবিদগণ যোগ দিয়েছেন। ১৫ই মার্চ সেমিনার ও সম্মেলন শেষ হবে।

বিশ্বের অন্যান্য মুসলিম দেশের ভাগ্যের সঙ্গে এদেশের ভাগ্য ঘনিষ্ঠভাবে জড়িত বলে উল্লেখ করে প্রেসিডেন্ট বলেন, পারস্পরিক সহযোগিতা, ঐক্যবদ্ধ প্রচেষ্টা এবং [illegible] বিকাশের মধ্য দিয়েই

(শেষ পৃঃ ১-এর কঃ দ্রঃ)

### মাদ্রাসা শিক্ষা

(১-এর পৃঃ পর)

শুধু মুসলিম জাহানের পক্ষে অগ্রগতি হাসিল করা সম্ভব। আর সে জন্যে প্রয়োজন একটি সমন্বিত শিক্ষা ব্যবস্থা যাতে থাকবে ইসলামী চেতনার পূর্ণ প্রতিফলন।

প্রেসিডেন্ট উল্লেখ করেন যে ইসলামী শিক্ষা ও সংস্কৃতির আলোকে জাতির মানবিক মূল্যবোধের অবক্ষয় থেকে রক্ষার কাজে আত্মনিয়োগের সময় এসেছে এখন। মাদ্রাসা-ই-আলিয়া এব্যাপারে অগ্রণী ভূমিকা পালন করবে বলে প্রেসিডেন্ট তার দৃঢ়বিশ্বাস প্রকাশ করেন।

এর আগে প্রেসিডেন্ট মাদ্রাসার অতীত গৌরবোজ্জ্বল ইতিহাস স্মরণ করে বলেন এ শিক্ষা প্রতিষ্ঠান জাতীয় চেতনা সৃষ্টি, ধর্মীয় জাগরণ ও পথ নির্দেশনার ক্ষেত্রে যে বিশিষ্ট ভূমিকা পালন করে আসছে জাতি তা চিরদিন স্মরণ রাখবে।